দৈনিক সংবাদ

তারিখ ২৭।৮।৯২
পৃষ্ঠা ২ কলাম ১

113

## আজ বিশ্ববিদ্যালয় শিক্ষা সংগ্রাম কমিটি ও শিক্ষক সমিতির মধ্যে বৈঠক

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আজ মঙ্গলবার সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা সংগ্রাম কমিটি ও শিক্ষক সমিতির মধ্যে এক বৈঠক অনুষ্ঠিত হবে। বৈঠকে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে আলোচনা হবে।

### ছাত্রলীগ (আ—অ)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়সহ দেশব্যাপী জামাত-শিবিরের অব্যাহত সন্ত্রাসের প্রতিবাদে ও সাম্প্রদায়িক রাজনীতি বন্ধের দাবীতে ছাত্রলীগের (আ-অ) পক্ষ থেকে আজ মঙ্গলবার

শিক্ষক সমিতি : পৃঃ ৮ কঃ ৮

## শিক্ষক সমিতির বৈঠক

(১ম পাতার পর)

অস্থায়ী রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি প্রদান করা হবে। এই উপলক্ষে সংগঠনের উদ্যোগে সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সমাবেশ-বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হবে।

### ছাত্র ইউনিয়ন

বাংলাদেশ ছাত্র ইউনিয়নের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, অবিলম্বে বন্ধ ঘোষিত সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়াসহ বিভিন্ন দাবীতে আহূত জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঘেরাওয়ের আজকের কর্মসূচী আগামী ২রা সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে। অন্যান্য কর্মসূচী অপরিবর্তিত থাকবে।